

## ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)

### নৈতিক আচরণবিধি (সংক্ষেপিত)

১. আমাদের লক্ষ্য বাংলাদেশের সরকার, রাজনীতি, ব্যবসা-বাণিজ্য, সুশীল সমাজ এবং সাধারণ মানুষের দৈনন্দিন জীবনকে দুর্নীতির প্রভাব থেকে মুক্ত করা।
২. আমরা গণতন্ত্র, ন্যায়বিচার, আইনের শাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা, সততা এবং নিরপেক্ষতা-এই মূল্যবোধগুলোর প্রতি অঙ্গীকারবদ্ধ।
৩. আমাদের মিশন বাংলাদেশে একটি দুর্নীতিবিরোধী এবং অংশগ্রহণমূলক সামাজিক আন্দোলন গড়ে তোলার অনুঘটক হিসেবে কাজ করা।
৪. আমরা টিআইবি'র নৈতিক আচরণবিধি (Code of Ethics) কার্যক্ষেত্রে প্রয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ।
৫. আমরা বাংলাদেশকে দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে একটি সামাজিক আন্দোলন সংগঠিত ও জোরদার করার জন্য ব্যক্তিগত ও সমষ্টিগতভাবে সংশ্লিষ্ট সকলের সাথে কাজ করতে অঙ্গীকারবদ্ধ।
৬. আমরা দুর্নীতি ও ঘুষ লেনদেনকে ঘৃণা করি এবং তা থেকে নিজেদের বিরত রাখতে সচেষ্ট থাকি।
৭. যথাযথ মানসম্পন্ন গবেষণার ভিত্তিতে যদি কোনো ক্ষেত্রে দুর্নীতি নিশ্চিতভাবে চিহ্নিত হয় তবে আমরা ভীত বা পক্ষপাতদুষ্ট না হয়ে বলিষ্ঠভাবে ও সাহসিকতার সাথে তার বিরুদ্ধে লড়াই করতেও প্রতিশ্রুতিবদ্ধ।
৮. আমরা সততা, বিশুদ্ধতা ও দক্ষতার সাথে আমাদের দায়িত্ব পালনে এবং প্রতিশ্রুতি পূরণে সর্বোচ্চ চেষ্টা করি।
৯. আমরা রাজনৈতিকভাবে দলনিরপেক্ষ থাকতে এবং আমাদের অভিমত ও কর্মপন্থায় সম্পূর্ণরূপে স্বকীয়তা বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।
১০. গণতন্ত্র, মতবৈচিত্র্য, মৌলিক মানবাধিকার, ন্যায্যতা এবং আইনের শাসনের প্রতি আমাদের সর্বোচ্চ শ্রদ্ধা রয়েছে।
১১. জেডার সমতার ওপর বিশেষ গুরুত্ব সহকারে আমরা বিশ্বাস, পরিচয়, পেশাগত শ্রেণি বিভাজন অথবা অন্য যেকোনো বৈশিষ্ট্য নির্বিশেষে একে অপরের প্রতি শ্রদ্ধা, স্বীকৃতি ও বিবেচনার সাথে আচরণ করবো।
১২. আমরা পারস্পরিক সম্পর্ক আলাপ-আলোচনা ও যোগাযোগের ক্ষেত্রে সততা ও সহমর্মিতা বজায় রাখবো। আমরা আমাদের সহকর্মীদের ব্যক্তিগত গোপনীয়তা ও ব্যক্তিগত জীবনের প্রতি শ্রদ্ধাশীল থাকবো।
১৩. আমরা আমাদের কাজের পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নে অবস্থান ও পদমর্যাদা নির্বিশেষে সকল কর্মীর অংশগ্রহণ যতদূর সম্ভব নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।
১৪. কার্যক্রমের ক্ষেত্রে আমাদের ব্যক্তিগত অথবা অন্য কোনো স্বার্থের সাথে টিআইবি'র স্বার্থের দ্বন্দ্ব দেখা দিলে তা অকপটে প্রকাশ করবো এবং আলাপ-আলোচনার মাধ্যমে স্বচ্ছতার সাথে তা নিরসন করবো। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের দেয়া সিদ্ধান্ত টিআইবি'র স্বার্থে মেনে নেব।
১৫. আমাদের যেকোনো ধরনের নিয়োগ ও ক্রয় নীতিমালা হবে সুষ্ঠু, বস্তুনিষ্ঠ ও পক্ষপাতহীন। এ ক্ষেত্রে আমরা আমাদের পরিবারের সদস্য এবং বন্ধু-বান্ধব কিংবা তারা যেসব প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সেগুলোকে কোনো ধরনের অগ্রাধিকার দেব না।
১৬. আমরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এমন কোনো ধরনের মূল্যছাড়, উপহার, আপ্যায়ন বা আনুকূল্য গ্রহণ করবো না, যা আমাদের দায়িত্বের সাথে সংশ্লিষ্ট কার্যক্রম বা এর মান কিংবা আমাদের অভিমতকে প্রভাবিত করতে পারে অথবা প্রভাবিত করার উদ্দেশ্য নিয়ে দেওয়া হয়েছে বলে মনে হবে।

১৭. আমরা পারিশ্রমিকের বিনিময়ে হোক আর বিনা পারিশ্রমিকে হোক - এমন কোনো কার্যক্রম বা লেনদেনের সাথে জড়িত হব না কিংবা এমন কোনো পদ বা দায়িত্ব গ্রহণ করবো না, যা আমাদের দায়িত্বের সাথে অসঙ্গতিপূর্ণ অথবা দায়িত্বের যথাযথ মানকে ক্ষতিগ্রস্ত করতে পারে এবং টিআইবি'র ভাবমূর্তি ক্ষুণ্ণ করতে পারে।
১৮. আমরা টিআইবি'র পেশাগত সম্পর্ককে ব্যবহার করে ব্যক্তিগত জীবনে কোনো ধরনের সুবিধা লাভের বা স্বার্থ সিদ্ধির চেষ্টা করবো না।
১৯. আমাদের দুর্নীতিবিরোধী মূল্যবোধ ও লক্ষ্যের সাথে ঐকমত্য পোষণ করে এমন দাতাদের নিকট থেকেই কেবল তহবিল গ্রহণ করবো। টিআইবি'র স্বাধীনতাকে খর্ব করে, টিআইবি'র উদ্দেশ্যের সাথে অসঙ্গতিপূর্ণ কার্যক্রমে টিআইবিকে নিয়োজিত করে অথবা উদ্দেশ্য সাধনের লক্ষ্য কার্যক্রম পরিচালনায় বিঘ্ন সৃষ্টি করে - এমন কোনো শর্ত সাপেক্ষে বা এমন কোনো রূপরেখার অধীনে আমরা কোনো প্রকার অর্থ-সম্পদ গ্রহণ করবো না।
২০. বাৎসরিক ভিত্তিতে আমরা আমাদের আয়ের উৎস ও আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব এমনভাবে প্রকাশ করবো, যাতে মানুষ তা সহজেই জানতে পারে।

## দুর্নীতিবিরোধী শপথ

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের উত্তরসূরী হিসেবে সশ্রদ্ধ চিন্তে শপথ করছি যে,

আমি প্রিয় মাতৃভূমির স্বাধীনতা, সার্বভৌমত্ব, সংস্কৃতি ও মূল্যবোধের প্রতি

সর্বোচ্চ শ্রদ্ধা পোষণ করব।

দেশের প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য পালনে যথাসাধ্য চেষ্টা করব।

আমি দুর্নীতিকে ঘৃণা করি।

সকল প্রকার দুর্নীতি থেকে নিজেকে বিরত রাখতে আমি দৃঢ় প্রতিজ্ঞ।

শিক্ষা ও পেশাগত জীবনের প্রতিটি ক্ষেত্রে আমি যেকোন অসদুপায় অবলম্বন

থেকে বিরত থাকব এবং সততা ও দায়বদ্ধতার সাথে দায়িত্ব পালন করব।

আমি আইন ও মানবাধিকারের প্রতি সম্পূর্ণ শ্রদ্ধাশীল থাকব। মানুষে মানুষে

বৈষম্য এবং শোষণ প্রতিরোধে সচেষ্ট থাকব।

বাংলাদেশে দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে সকল উদ্যোগে

আমি সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে সচেষ্ট হব।

আমি আন্তরিকতার সাথে স্বেচ্ছায় এই শপথ করলাম।